

এনসিটিবির মতে  
এটি জামায়াতী  
ষড়যন্ত্র

# পাঠ্যবই নিয়ে সরকারকে সঙ্কটে ফেলতে বিশেষ গোষ্ঠীর কারসাজি নস্যাৎ

বিভাষ বাড়ে। এবার সরকারবিরোধী বিশেষ গোষ্ঠীর দুটি কাগজ মিলের কর্মকাণ্ডে বড় ধরনের সঙ্কটে পড়েছে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) নতুন পাঠ্যবই ছাপার কাজ। দরপত্র এমনকি পুনঃদরপত্রে অংশ নিয়েও প্রায় ছয় হাজার মেট্রিক টন কাগজ সরবরাহের কাজ পেয়ে হঠাৎ শেষ মুহূর্তে এসে দিতে অস্বীকৃতি জানিয়েছে ওই দুটি প্রতিষ্ঠান। প্রত্যাহার দায়ে বিতর্কিত ওই দুটি প্রতিষ্ঠানকে কালো তালিকাভুক্ত করার পাশাপাশি তাদের এক কোটি ১৯ লাখ টাকার জামানত বাজেয়াপ্ত করে নগদায়ন করেছে


অভিযুক্ত দুই প্রতিষ্ঠানকে কালো তালিকাভুক্ত করে এক কোটি ১৯ লাখ টাকা জরিমানা

এনসিটিবি। অভিযুক্ত এ প্রতিষ্ঠান দুটির একটি হচ্ছে 'টিকে গ্রুপ' অন্যটি 'আল নূর পেপার মিল'। এর মধ্যে টিকে গ্রুপ একাই ৫ হাজার মেট্রিক টন কাগজ শেষ মুহূর্তে এসে আটকে দিয়েছে। সরকারের সঙ্গে কাজের শর্ত ভঙ্গের অপরাধে এ প্রতিষ্ঠানকে এক কোটি টাকা জরিমানা করা হয়েছে। ১৯ লাখ টাকার জরিমানা করা হয়েছে আল নূর পেপার মিলকে। এনসিটিবির চেয়ারম্যান অধ্যাপক নারায়ণ চন্দ্র পাল জানিয়েছেন, টিকে গ্রুপ শর্ত ভঙ্গ করেছে। শেখা যাচ্ছে এ প্রতিষ্ঠানটি (৪ পৃষ্ঠা ৪ কঃ দেখুন)

## পাঠ্যবই নিয়ে

(প্রথম পৃষ্ঠার পর)  
জামায়াতপন্থী। তারা হয় ভেবেছিল শেষ মুহূর্তে এসে হাজার মেট্রিক টন কাগজ না দিলে সরকার পুরো পাঠ্যবই নিয়ে কেলেকারিতে পড়বে। হয়ত আরও কোন কারণ আছে। প্রতিষ্ঠানটিই বলতে পারবে আসলে কেন এটা তারা করল। তবে আমরা শর্ত ভঙ্গ করার জন্য তাদের জামানতের পুরো টাকা বাজেয়াপ্ত করে নগদায়ন করেছি। জানা গেছে, জামানত বাজেয়াপ্ত না করতে এনসিটিবি'র কর্মকর্তাদের নানাভাবে আর্থিক প্রলোভনও দেখিয়েছে দুটি প্রতিষ্ঠান। দুই কাগজ মিলের ষেচ্ছাচারিতার কারণে নতুন শিক্ষাবর্ষের শুরুতে পাঠ্যবই মুদ্রণ ও সরবরাহ নিয়ে অনিশ্চয়তা-মূর্ছিত

এনসিটিবি'র জানিয়েছেন, পাঠ্যবই মুদ্রণে বার বার এনসিটিবি। উদ্যোগ নস অংশ হিসে 'আল. নূর সরবরাহে বলে মনে বালক-কা বলাছেন, জড়িত অ গেছে, উ উনাক দর দরদাসতা মেট্রিক কাজ সরবরাহ কাগজ জানিয়ে পাঠ্য ক্রমের টেডার পাঠ্য অংশ পেপ মুহূর্তে জান দফ পে জা এ হ হ ও ব ও



পেপার মিল দুটি লটে কাজ নিয়ে একটি দিতে অস্বীকার করে। এটাও শর্ত ভঙ্গ। এদিকে কালোতালিকাভুক্ত না করতে লিখিত আবেদন করেছে টিকে গ্রুপ। কাগজ না দেয়ার বিষয়টি স্বীকার করে প্রতিষ্ঠানটি বলছে, তারা চায়নি সরকার বই নিয়ে সঙ্কটে পরক। কিন্তু কেন এটা করলেন? এমন প্রশ্নে টিকে গ্রুপের কর্মকর্তা (বইয়ের টেন্ডারের দায়িত্বপ্রাপ্ত) মোঃ মহিউদ্দিন জনকণ্ঠকে বলেন, আমাদের 'ন' ম্যাটেরিয়াল নিয়ে সমস্যা হয়েছিল। তাহলে সরকারকে কেন আগে না জানিয়ে শেষ দিন পর্যন্ত সময় দিয়েছেন? এ প্রশ্নে তিনি বলেন, আমরা শেষ দিন পর্যন্ত ভেবেছি সমস্যা সমাধান হবে। কিন্তু হয়নি। এর আগেওতো কোনদিন আমরা এমন করিনি-এমন মন্তব্য করে এ কর্মকর্তা বলেন, আমাদের এক কোটি টাকা জরিমানা করা হয়েছে। জানা গেছে, এনসিটিবি ২০১৬ শিক্ষাবর্ষে প্রায় ৩৫ কোটি কপি পাঠ্যবই মুদ্রণ ও সরবরাহ করবে। সংস্থাটিকে এবার মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক স্তরের পাঠ্যবই ছাপতে কাগজ কিনতে হচ্ছে প্রায় ১৯ হাজার মেট্রিক টন। কাগজ কিনতে সরকারের ব্যয় হবে প্রায় ১৩০ কোটি টাকা। সরকারের জয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি গত ৫ মে পাঠ্যবই মুদ্রণের কাগজ কেনার বিষয়টি অনুমোদন করে। ২০১৬ শিক্ষাবর্ষের মোট ৩৫ কোটি বইয়ের মধ্যে মাধ্যমিকের প্রায় ২০ কোটি, প্রাথমিকের ১০ কোটি ৮৭ লাখ এবং প্রাক-প্রাথমিকের ৬৭ লাখ কপি বই। এনসিটিবি জানিয়েছে, প্রথম দরপত্র অনুযায়ী এবার বেশরকারীভাবে কেনা প্রতি টন কাগজের দাম পড়ছে প্রায় ৬৪ হাজার টাকা। আর দরপত্র ছাড়া রাষ্ট্রায়ত্ত্ব কর্তৃক পেপার মিল (কেপিএম) থেকে কেনা হবে তিন হাজার মেট্রিক টন কাগজ, আর দাম পড়বে টনপ্রতি প্রায় ৯৮ হাজার। কিন্তু পুনঃদরপত্রে পাঁচ হাজার মেট্রিক টন কাগজ কিনতে হওয়ায়, সেগুলোর দাম কিছুটা বেশি পড়ছে। বরাবরের মতো এবারও প্রাথমিক স্তরের সব বই ছাপা হচ্ছে আন্তর্জাতিক দরপত্রে। অর্থাৎ দরদাসতা প্রতিষ্ঠান নিজেরাই কাগজ কিনে বই ছেপে উপজেলা পর্যায়ে সরবরাহ করবে। এনসিটিবি কেবল বই ও কাগজের গুণগত মান এবং সরবরাহ কার্যক্রম উদারকি করবে। উল্লেখ্য, চলতি শিক্ষাবর্ষে ২০১৫ সালে দেশের প্রাথমিক, নিম্ন মাধ্যমিক এবং মাধ্যমিক স্তরের চার কোটি ৪৫ লাখ ৮৫ হাজার ৮৫০ কপি বই ছাপা হবে।

- ১) আল নূর পেপার মিল
- ২) টিকে গ্রুপ
- ৩) আল নূর পেপার মিল
- ৪) টিকে গ্রুপ
- ৫) আল নূর পেপার মিল
- ৬) টিকে গ্রুপ
- ৭) আল নূর পেপার মিল
- ৮) টিকে গ্রুপ
- ৯) আল নূর পেপার মিল
- ১০) টিকে গ্রুপ
- ১১) আল নূর পেপার মিল
- ১২) টিকে গ্রুপ
- ১৩) আল নূর পেপার মিল
- ১৪) টিকে গ্রুপ
- ১৫) আল নূর পেপার মিল
- ১৬) টিকে গ্রুপ
- ১৭) আল নূর পেপার মিল
- ১৮) টিকে গ্রুপ
- ১৯) আল নূর পেপার মিল
- ২০) টিকে গ্রুপ